

গ্রন্থাগারে বই পড়ি
আলোকিত মানুষ গড়ি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
পাঠকসেবা শাখা
শাহবাগ, ঢাকা
www.publiclibrary.gov.bd

ই-নথি

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৮.১৮.১৩

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৬
০৭ জুলাই ২০১৯

বিষয়: জাতীয় শোকদিবস ২০১৯ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

জাতীয় শোকদিবস ২০১৯ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা

ক্র.নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	খোকা থেকে বঙ্গবন্ধু	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	বঙ্গবন্ধুর কারাগার জীবন	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	১৫ আগস্টের শোকাবেহ রাত	১৮০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র.নং.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত
২.	খ	অনূর্ধ্ব-১২ বছর	শিশুদের প্রিয় বঙ্গবন্ধু


রচনা প্রতিযোগিতার বিষয়ে জ্ঞাতব্য : রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা জমা দেয়ার শেষ তারিখ ২০.০৮.২০১৯।

চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়ে জ্ঞাতব্য : চিত্রাংকন প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার,

শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে ২০.০৮.২০১৯ তারিখ বিকেল ৩.০০ টায় অনুষ্ঠিত হবে।

শর্তাবলী :

১. রচনা A4আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবেনা।
৫. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু প্রত্যেক প্রতিযোগীকে ১৯.০৮.২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট গণগ্রন্থাগারে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় বয়স প্রমাণের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজ/আর্ট পেপার ব্যতীত চিত্রাংকনের জন্য প্রয়োজনীয় অন্যান্য উপকরণ নিজ দায়িত্বে সঙ্গে আনতে হবে।



৭-৭-২০১৯

জাহানারা পারভীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৯৬৭১২৩৪

ফ্যাক্স: ৫৮৬১১৭৭৫

ইমেইল: dg.dpl.2012@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতক্রমে নয়) :

- ১) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-
উপপরিচালক/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান
(উপপরিচালক), গণগ্রন্থাগার অধিদপ্তর/সুফিয়া কামাল
জাতীয় গণগ্রন্থাগার/ বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
(সকল)।
- ২) সিনিয়র লাইব্রেরিয়ান/ লাইব্রেরিয়ান/ সহকারী
পরিচালক, বিভাগীয়/জেলা সরকারি গণগ্রন্থাগার,
(সকল বিভাগ ও জেলা)।
- ৩) সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা সরকারি
গণগ্রন্থাগার, দেওয়ানগঞ্জ/বকশীগঞ্জ, জামালপুর।
- ৪) জনাব যোগেন্দ্র নাথ বাউড়ি, গ্রন্থাগারিক, বঙ্গবন্ধু
সমাধি সৌধ কমপ্লেক্স সরকারি গণগ্রন্থাগার, টুঙ্গিপাড়া,
গোপালগঞ্জ।


স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৮.১৮.১৩/১(২)

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৬

০৭ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার
অধিদপ্তর (ওয়েব পোর্টালে প্রকাশের জন্য)
- ২) সহকারী পরিচালক, উন্নয়ন ও আইসিটি শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর



৭-৭-২০১৯

এ এইচ এম কামরুজ্জামান

লাইব্রেরিয়ান